গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বাজেট ও উন্নয়ন অনুবিভাগ, উন্নয়ন শাখা
www.lawjusticediv.gov.bd

নম্বর-১০.০০.০০০০.১২৬.২০.৩০৮.২৫.৩৪

তারিখ: ০৭ জ্যৈষ্ঠ ১৪৩৩ / ২১ মে ২০২৬

প্রেরক : মুহাম্মদ ওমর ফারুক
সিনিয়র সহকারী সচিব

প্রাপক : চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, কক্ষ-৫০৩, ৫ম তলা, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

বিষয়: ২০২৫-২৬ অর্থবছরে ১২১-আইন ও বিচার বিভাগের বাজেটে "১২১০১০১১০৪৪১৯-সচিবালয়, আইন ও বিচার বিভাগ" অংশের '৩২৫৮১০৮-অন্যান্য ভবন ও স্থাপনা' মেরামত ও সংরক্ষণ খাত হতে অর্থ বরাদ্দ প্রদান।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, ২০২৫-২৬ অর্থবছরে ১২১-আইন ও বিচার বিভাগের বাজেটে "১২১০১০১১০৪৪১৯-সচিবালয়, আইন ও বিচার বিভাগ" অংশের '৩২৫৮১০৮-অন্যান্য ভবন ও স্থাপনা' মেরামত ও সংরক্ষণ খাত হতে ছকে বর্ণিত কাজের বিপরীতে ৩২,০০,০০০/- (বত্রিশ লক্ষ) টাকা নিম্নবর্ণিত শর্তে ছাড় করা হলো। ছাড়কৃত অর্থ সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ-এর নিকট অথরাইজেশনসহ প্রাক্কলনের বিপরীতে অর্থ ব্যয়ের প্রশাসনিক অনুমোদন প্রদান করা হলো।

| ক্রমিক নং | প্রাক্কলিত কাজের বিবরণ | ছাড়কৃত অর্থের পরিমাণ |
|---|---|---|
| ১. | বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন সচিবালয়ের প্রয়োজনীয় বৈদ্যুতিক সংস্কার কাজ। | ৫,০০,০০০/- |
| ২. | নাটোর জেলার লালপুর সাব-রেজিস্ট্রি অফিসের মেরামত কাজ। | ৫,০০,০০০/- |
| ৩. | ঝিনাইদহ জেলার শৈলকুপা উপজেলার সাব-রেজিস্ট্রি অফিসের মেরামত কাজ। | ৭,০০,০০০/- |
| ৪. | বগুড়া জেলার শিবগঞ্জ উপজেলার সাব-রেজিস্ট্রি অফিসের মেরামত কাজ। | ৫,০০,০০০/- |
| ৫. | ঠাকুরগাঁও জেলা-রেজিস্ট্রি অফিসের মেরামত কাজ। | ৫,০০,০০০/- |
| ৬. | ঠাকুরগাঁও জেলার সদর উপজেলার ভুল্লিবাজার সাব-রেজিস্ট্রি অফিসের মেরামত কাজ। | ৫,০০,০০০/- |
| | মোট | ৩২,০০,০০০/- |

সর্বমোট ছাড়কৃত অর্থের পরিমাণঃ- ৩২,০০,০০০/- (বত্রিশ লক্ষ) টাকা ।

শর্ত:

(ক) এ অর্থ অনুমোদিত খাত ব্যতীত অন্য কোন খাতে/উদ্দেশ্যে ব্যয় করা যাবে না;

(খ) উক্ত অর্থ ব্যয়ে **Public Procurement Act, 2006** (সর্বশেষ সংশোধনীসহ) এবং **Public Procurement Rules, 2025** যথাযথভাবে অনুসরণ করতে হবে;

(গ) উল্লিখিত কাজ সম্পাদন শেষে এ বিভাগকে অবহিত করতে হবে; এবং

(ঘ) অব্যয়িত অর্থ (যদি থাকে) ৩০ জুন ২০২৬ তারিখের মধ্যে সমর্পণ আদেশ জারিপূর্বক অর্থ বিভাগকে অবহিত করতে হবে।

০২। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, ২য় ১২ তলা সরকারী অফিস ভবন, সেগুনবাগিচা, ঢাকা-কে অথরিটি প্রদানের জন্য অনুরোধ করা হলো।

(মুহাম্মদ ওমর ফারুক)
সিনিয়র সহকারী সচিব
ফোন-৯৫৪৫৭৬৫(অঃ)।

নম্বর-১০.০০.০০০০.১২৬.২০.৩০৮.২৫.৩৪ তারিখঃ ২১/০৫/২০২৬ খ্রিঃ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):-

১. মহাপরিদর্শক, নিবন্ধন, নিবন্ধন অধিদপ্তর, ১৪, আব্দুল গণি রোড, ঢাকা।
২. সচিব, বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন সচিবালয়, ১৫, কলেজ রোড, ঢাকা।
৩. তত্ত্বাবধায়ক প্রকৌশলী (উন্নয়ন), গণপূর্ত অধিদপ্তর, পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
৪. তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সমন্বয়), গণপূর্ত অধিদপ্তর, পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
৫. নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, ............................................................................।
৬. চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, ২য় ১২ তলা সরকারী অফিস ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
৭. ডিভিশনাল কন্ট্রোলার অব একাউন্টস/ডিস্ট্রিক্ট একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার --------------------------------।
৮. জেলা রেজিস্ট্রার, নাটোর, ঝিনাইদহ, বগুড়া, ঠাকুরগাঁও [সংশ্লিষ্ট গণপূর্ত প্রকৌশল দপ্তর এর সাথে আলোচনা করে উল্লিখিত কাজ সম্পাদনের অনুরোধসহ]।
৯. সাব-রেজিস্ট্রার, --------------------------------।
১০. প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ, আইন বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

২১.০৫.২৫

(মুহাম্মদ ওমর ফারুক)
সিনিয়র সহকারী সচিব